

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড

প্রশাসন বিভাগ

২২/বি কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত,

ঢাকা-১২২৯

নম্বর ২৭.২৪.০০০০.০৬৭.১৮.০২৪.২০.১৫৩

তারিখ ১০ চৈত্র ১৪২৬

২৪ মার্চ ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: নভেল করোনা ভাইরাস এর সংক্রমণ মোকাবেলায় ডেসকো কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ অবহিতকরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

নভেল করোনা ভাইরাস এর সংক্রমণ মোকাবেলায় ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে উল্লেখ করা হলো।

- অফিসের প্রবেশপথে সাবান/হ্যান্ড ওয়াশ দিয়ে হাত ধোয়া অথবা হ্যান্ড স্যানিটাইজার দ্বারা কর্মকর্তা/কর্মচারী ও গ্রাহকগণের হাত জীবানুমুক্ত করার ব্যবস্থা গ্রহণ।
- প্রধান কার্যালয়ের প্রবেশপথে থার্মাল গান দ্বারা শরীরের তাপমাত্রা পরিমাপের ব্যবস্থা গ্রহণ।
- কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে পারস্পরিক ন্যূনতম ৩ ফুট দূরত্ব বজায় রাখতে পরামর্শ প্রদান।
- সকল দপ্তরের ফ্লোর কিছুম্ফণ পরপর জীবানুনাশক ফ্লোর ক্লিনার দ্বারা পরিষ্কার করার ব্যবস্থা গ্রহণ।
- লিফটের বাটন, দরজার হাতল ও রেলিং কিছুম্ফণ পরপর জীবানুনাশক দ্বারা পরিষ্কার করার ব্যবস্থা গ্রহণ।
- কর্মকর্তা/কর্মচারীগণকে হ্যান্ড গ্লাভস ও মাস্ক ব্যবহারে উৎসাহ প্রদান।
- করোনা আক্রান্ত দেশ ভ্রমণকারী কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারের সদস্যদের নিজগৃহে বাধ্যতামূলক ১৪ দিন কোয়ারেন্টাইন ছুটিতে রাখার ব্যবস্থা গ্রহণ।
- জ্বর, সর্দি ও কাশি নিয়ে অফিসে আসার বিষয়ে কর্মকর্তা/কর্মচারীগণকে নিরুৎসাহিত করা।
- প্রয়োজনে ডেসকো'র রিটেইনার ডাক্তার (ডঃ ওয়াহেদুর রহমান: ০১৭৮১১৬৫৮১৮, ডঃ এ.বি.এম রহমতুল্লাহ: ০১৭১১৬৭০৭২৪) এর সাথে ফোনে যোগাযোগ করা।
- অফিসে সাবান দিয়ে হাত ধোয়ার পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ।
- গ্রাহকগণকে অফিসে না এসে টেলিফোনে বা অনলাইনে সেবাগ্রহণে উৎসাহিত করা।
- সেবাগ্রহীতাদের দ্রুত সেবা প্রদান এবং দ্রুত অফিস ত্যাগে উৎসাহ প্রদান।
- জরুরি প্রয়োজন ছাড়া কোন দর্শনার্থীকে অফিসে প্রবেশে নিরুৎসাহিত করা।
- এক অবস্থান সেবা কেন্দ্র, অভিযোগ কেন্দ্রসহ ফ্রন্ট ডেস্কে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর জন্য

বিশেষায়িত পোশাকসহ PPE (Personal Protective Equipment) সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

- প্রধান কার্যালয়ে ব্যবহারের জন্য স্প্রেয়ার ও জীবানুনাশক সংগ্রহ করা হয়েছে।
- অফিসের প্রবেশপথে, অপেক্ষাগার ও এক অবস্থান সেবা কেন্দ্রে দৃশ্যমান স্থানে করোনা মোকাবেলায় সতর্কতামূলক ব্যবস্থা সম্বলিত বিলবোর্ড/পোস্টার স্থাপন করা।
- প্রধান কার্যালয়ের সম্মুখে স্থাপিত ডিজিটাল ডিসপ্লেতে (এলইডি স্ক্রীন) নভেল করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত সচেতনতামূলক বিজ্ঞপ্তি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

২৪-৩-২০২০

মোঃ আতিকুর রহমান

উপ-মহাব্যবস্থাপক

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১) নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব/এইচআর/সংগ্রহ/অপারেশন/ইঞ্জিনিয়ারিং)।

২) প্রধান প্রকৌশলী, ডিএন্ডপি/পিএন্ডডি/এসএন্ডডি অপারেশন (ইস্ট/ওয়েস্ট জোন)/নেটওয়ার্ক অপারেশন/পিএমপি এন্ড এসএম/মহাব্যবস্থাপক (প্রশাসন/অর্থ ও হিসাব)।

৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পি এন্ড ডি/এমপি এন্ড এস/ডি এন্ড এমডব্লিউ/আইসিটি/এস এন্ড ডি অপারেশন (ইস্ট জোন ১/ইস্ট জোন ২/ ওয়েস্ট জোন ১/ওয়েস্ট জোন ২)/ পিআই এন্ড টি/ জিএসপি এন্ড ইএ/এমডিএসএসএম/ প্রকল্প পরিচালক (গ্রীড/বিতরণ)/কোম্পানি সচিব/ উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম/অর্থ/হিসাব/ইন্টারনাল অডিট)।

৪) নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ

(পল্লবী/কাফরুল/মনিপুর/আগারগাঁও/রূপনগর/শাহআলী/গুলশান/জোয়ারসাহারা/বারিধারা/

বান্ডা/উত্তরা(পূর্ব)/উত্তরা(পশ্চিম)/টঞ্জী(পূর্ব)/টঞ্জী(পশ্চিম)/উত্তরখান/দক্ষিণখান)/এলএন্ডজিএস/মনিটরিং সেল/ সেন্ট্রাল স্টোর/ মিটার ওয়ার্কশপ/টেস্টিং এন্ড রিপেয়ারিং/স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপক (এস্টেট এন্ড লিগ্যাল অ্যাফেয়ার্স/ সাব-স্টোর/নিরাপত্তা), ডেসকো।

৫) অফিস কপি।